



মেট্রপলিট্যান চেম্বার অফ কমার্স এন্ড ইণ্ডাস্ট্রী, ঢাকা  
METROPOLITAN CHAMBER OF COMMERCE AND INDUSTRY, DHAKA

CHAMBER BUILDING  
122-124, MOTIJHEEL C.A., DHAKA-1000

FAX : 880 2 9565211 &  
880 2 9565212  
E-mail : sg@mccibd.org  
info@mccibd.org  
PHONES : (02)9574129-31 &  
9565208-10  
Website : www.mccibd.org

## প্রেস রিলিজ

তারিখ : ২১/০১/২০২০

বাংলাদেশ ট্যারিফ কমিশন ও মেট্রপলিট্যান চেম্বার অফ কমার্স এন্ড ইণ্ডাস্ট্রী, ঢাকা এর যৌথ উদ্যোগে আয়োজিত  
“WTO Agreement on Anti-dumping, Countervailing & Safeguard Measures and Role  
of Bangladesh Tariff Commission” সেমিনার অনুষ্ঠিত

২০ জানুয়ারি ২০২০ রোজ সোমবার সকাল ১০:৩০ ঘটিকায় এম. আনিস উদ দৌলা কনফারেন্স হল, পুলিশ প্লাজা কনকর্ড, গুলশান-১, ঢাকায় বাংলাদেশ ট্যারিফ কমিশন ও মেট্রপলিট্যান চেম্বার অফ কমার্স এন্ড ইণ্ডাস্ট্রী, ঢাকা (এমসিসিআই)-এর যৌথ উদ্যোগে “WTO Agreement on Anti-dumping, Countervailing & Safeguard Measures and Role of Bangladesh Tariff Commission” শীর্ষক সেমিনার অনুষ্ঠিত হয়। সেমিনারে এমসিসিআই এর সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন। সেমিনারে সভাপতিত্ব করেন এমসিসিআই, ঢাকা’র ভাইস প্রেসিডেন্ট আনিস এ খান। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সচিব ও বাংলাদেশ ট্যারিফ কমিশনের চেয়ারম্যান তপন কান্তি ঘোষ। তিনি বলেন, বাংলাদেশে এন্টি-ডাম্পিং, কাউন্টারভেইলিং ও সেইফগার্ড মেজার্সের আওতায় আইন ও বিধি থাকা সত্ত্বেও কোন শিল্প প্রতিষ্ঠান এ সকল শুল্ক আরোপের জন্য আবেদন করেন না। তাছাড়া বাংলাদেশের পণ্য অন্য কোন দেশে এ সকল শুল্কের সম্মুখীন হলে কোন কার্যকর ব্যবস্থা নিতে পারে না। এ কারণে শিল্প প্রতিষ্ঠানকে এ সকল শুল্ক বিষয়ে সচেতন করার উদ্দেশ্যে এমসিসিআই ও ট্যারিফ কমিশনের উদ্যোগে সেমিনারের আয়োজন করা হয়। সেমিনারে “WTO Agreements on Anti-dumping, Countervailing & Safeguard Measure” এর ওপরে বক্তব্য দেন কমিশনের সদস্য ড. মোস্তফা আবিদ খান এবং “Rules and Regulation on Trade Remedy Measure in Bangladesh and Role of Bangladesh Tariff Commission” এর ওপরে বক্তব্য দেন কমিশনের যুগ্ম প্রধান মিজ রমা দেওয়ান। প্রশ্নোত্তর পর্ব শেষে সমাপনী বক্তব্য দেন এমসিসিআই এর মহাসচিব ফারুক আহাম্মাদ।

আপনার বিশ্বস্ত,

ফারুক আহাম্মাদ  
মহাসচিব